

শিক্ষক নিয়োগ পরীক্ষা জয়পুরহাটে প্রশ্নপত্র ফাঁস চক্রের আরও ২ সদস্য শ্রেফতার

জয়পুরহাট প্রতিনিধি

জয়পুরহাটে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় এ চক্রের আরও দুই সদস্যকে শ্রেফতার করেছে জয়পুরহাট থানা পুলিশ।
শ্রেফতারকৃতরা হল— জেলা প্রাথমিক শিক্ষা অফিসের পিয়ন আবদুল মামান ও পাঁচবিবি উপজেলার আরশা রসুলপুর গ্রামের মামুন। আবদুল মামানের বাড়িও পাঁচবিবিতে।
রোববার বিকালে জয়পুরহাটের আক্কেলপুর উপজেলার কাদোয়াহু নিজ গ্রামের বাড়ি থেকে শ্রেফতার হওয়া প্রশ্নপত্র ফাঁস চক্রের মূলহোতা মাহবুব রায়হানের দেয়া তথ্যের ভিত্তিতে এই দু'জনকে শ্রেফতার করা হয়। এ নিয়ে প্রশ্নপত্র ফাঁসের মামলায় শ্রেফতারকৃতের সংখ্যা মোট ৬-এ দাঁড়ালো। মূলহোতা মাহবুব উপজেলার তিলকপুর ইউনিয়নের করমজি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক। পুলিশি অভিযোগে মাহবুব প্রশ্নপত্র ফাঁসের বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য দেন।